AMITRAKSHAR PUBLISHERS

# মনোজ বসু : তাঁর উপন্যাস



ড. কৌশিক কুমার মাজী

মনোজ বসু : তাঁর উপন্যাস

AMITRAKSHAR PUBLISHERS KOLKATA

# মনোজ বসু : তাঁর উপন্যাস

AMITRAKSHAR PUBLISHERS
AN ISO 9001:2015/QMS/092020/19534

# মনোজ বসু : তাঁর উপন্যাস


**ড. কৌশিক কুমার মাজী**

এম.এ., বি.এড., পিএইচ.ডি.



AMITRAKSHAR PUBLISHERS

AN ISO 9001:2015/QMS/092020/19534

1st Published on 5th September, 2024
By
**Amitrakshar™**
**Publishers**
Kolkata-700068
Copyright © reserved by Dr. Kousik kumar Maji
**ISBN: 978-93-6008-852-1**
(Hardback)
**Price : 400.00**
**Title of the Book:**
**মনোজ বসু : তাঁর উপন্যাস**
**(Manoj Basu : Ter Uponnas)**
**লেখক : ড. কৌশিক কুমার মাজী**
**Author – Dr. Kousik kumar Maji**
Language: Bengali
Publisher and Type setter:
Author Typeset in AVRO BANGLA
Page No.: 192
Printed by: Amitrakshar Publishers & M. Enterprises
Website: www.amitrakshar.co.in
Email id: amitrakshapublishers@gmail.com
Phone number: 9735768900
**Published by:**
MITRAKSHAR PUBLISHERS
AN ISO 9001:2015/QMS/092020/19534
**Office: 1/199, Jodhpur Park, Gariahat Road, Kolkata -700068**

*All rights reserved. No part of this book may be reprinted or reproduced or utilised in any Form or by any electronic, mechanical or other means, now known or hereafter invented, including, photocopying and recording, or in any information storage or retrieval system, without permission in writing from the publisher.*
*This is a work of Fiction. The characters, places, organisations and events described in this book are either a work of author's imagination or have been used fictitiously. Any resemblance to people, living or dead, places, events, communities or organisations.*

বাবা-মা, গুরুকুল
এবং পরিবার
পরিজনদের
উদ্দেশ্যে

# শুভেচ্ছা

গবেষক-লেখক কৌশিক কুমার মাজী আমার সরাসরি এম. এ. ক্লাসের ছাত্র। এবং আমার তত্ত্বাবধানে পিএইচ. ডি. করেছেন মনোজ বসুকে নিয়ে। 'মনোজ বসু: তাঁর উপন্যাস' বইটি তাঁর সুদীর্ঘ কালের পরিশ্রমী গবেষণার ফসল।

আজকালকার দিনে গবেষণার সংখ্যাবৃদ্ধি যত হয়েছে গবেষণার মান উন্নয়ন ততটা হচ্ছে বলে মনে হয় না। কৌশিক তাঁর গবেষণা কাজে ছদ্ম-পাণ্ডিত্যের বাক্ বিস্তার না করে গভীর নিষ্ঠা ও পরিশ্রমে মনোজ বসুর উপন্যাসগুলির সরল বিশ্লেষণে নিবিষ্ট থেকেছেন। এককালের জনপ্রিয় এই লেখক যে বিস্মৃতির আড়ালে চলে গেছেন তার খবর গবেষক পেয়েছিলেন একদিন কলেজস্ট্রিটের বিখ্যাত বইর দোকানে। নাট্যকার মনোজ মিত্রের বই দিয়েছিলেন বিক্রেতা তাঁর হাতে। যখন তিনি ঔপন্যাসিক বা কথাশিল্পী মনোজ বসুর বই চেয়েছিলেন। বিষয়টা খুবই হাল্কা বলে আমার মনে হয়নি।

এ বইতে কথাকার মনোজ বসুর একটি সাধারণ পরিচয় ও তাঁর উপন্যাসগুলির একটি নিরীহ আলোচনা করেছেন যত্নশীল লেখক। বইটি সাধারণ পাঠক ও গবেষকের কাছে দরকারী হবে বলে আমার ভরসা।

আজকালকার দিনে 'শ্রদ্ধাবান লভতে জ্ঞানম' কথাটার প্রায়োগিক পরিস্থিতি প্রায় অবলুপ্তির পথে। এরই মধ্যে গভীর নিষ্ঠায় ও শ্রদ্ধায় কৌশিক তাঁর কাজ করে চলেছেন বলে উত্তরপ্রজন্মের কাছে তিনিও শ্রদ্ধেয় হয়ে উঠবেন এই আশীর্বাদ করি।

শুভেচ্ছা সহ

লায়েক আলি খান

প্রাক্তন প্রফেসর ও বিভাগীয় প্রধান,

বাংলা বিভাগ,

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় এবং

প্রাক্তন কাজী নজরুল প্রফেসর,

বর্ধমান বিশ্ববিদ্যালয়

শিক্ষক দিবস

৫ সেপ্টেম্বর ২০২৪

মেদিনীপুর

# সূচীপত্র


| | |
|---|---|
| *শুভেচ্ছা* | *vii* |
| কথামুখ | ১ |
| প্রথম অধ্যায় | |
| মনোজ বসুর জীবনী সূত্র | ২ |
| দ্বিতীয় অধ্যায় | |
| মনোজ বসুর সৃষ্টি-সম্ভার : সাধারণ পরিচয় | ৮ |
| তৃতীয় অধ্যায় | |
| মনোজ বসুর উপন্যাস বিশ্লেষণ | ২৫ |
| চতুর্থ অধ্যায় | |
| মনোজ বসুর উপন্যাসগুলির শিল্প প্রকরণ | ১৭৭ |

# ক থা মু খ

কথাসাহিত্যিক মনোজ বসুর আবির্ভাব ছোটগল্পের ধারায় হলেও বাংলা উপন্যাস সাহিত্যে তাঁর অবিসংবাদিত প্রাধান্য স্বীকৃত হয়েছে। দেশকালের পরিপ্রেক্ষিতে মানব জীবন ও চরিত্রকে উপস্থাপন করে বাংলা উপন্যাস ও ছোটগল্পে মনোজ বসু সৃষ্টি করেছেন তাঁর নিজস্ব শিল্পভুবন। জীবনকে দেখার ও দেখানোর কাজে নিজস্ব যে দৃষ্টিপ্রদীপ তিনি ব্যবহার করেছেন তা অনন্য। রোমান্টিক অনুভূতির সঙ্গে সমকালীন রাজনৈতিক-সাম্প্রদায়িক দাঙ্গা, দেশবিভাগ, উদ্বাস্তু সমস্যা, সাধারণ মানব-মানবীর দাম্পত্য ও গার্হস্থ্য জীবন, সুন্দরবনের বাদা অঞ্চলের নিসর্গলগ্ন মানব জীবনের অভিজ্ঞতা মিলিয়ে এক নূতন শ্রেণী তৈরী করেছেন মনোজ বসু তাঁর উপন্যাসে। সমকালের অন্যান্য লেখকেরা যেখানে অল্পবিস্তর স্বপ্নের অঞ্জন চোখে লাগিয়ে সমকালীন সমাজ জীবনের কথা প্রকাশ করেছেন; মনোজ বসু সেখানে সাদা চোখে সমাজের প্রকৃত রূপটিকে প্রত্যক্ষ করেছেন এবং নিরপেক্ষ নিষ্ঠায় পাঠকের সামনে উপস্থাপিত করেছেন।

এই গ্রন্থে কথাসাহিত্যিক মনোজ বসুর উপন্যাসগুলির সূত্রে তাঁর প্রতিভার এক ক্রমবিকশিত রূপ অনুসন্ধানের চেষ্টা করা হয়েছে। দুঃখজনক হলেও একথা সত্য; শতবর্ষ পরেও অনেক বাঙালি পাঠক এখনও তাঁকে চেনেন না। মনোজ বসুর নাম শুনেই অনেকে নাট্যকার মনোজ মিত্রের কথা ভেবেছেন। তাই পাঠকের চোখের সামনে সময়ের প্রেক্ষিতে মনোজ বসুর জীবন সংগ্রাম, দেশভাগের ফলে নিজের জন্মভূমি ত্যাগের কারণে জীবন যন্ত্রণার ও সাহিত্য রচনার একটি পূর্ণাঙ্গ ইতিহাস তৈরী করার চেষ্টা রয়েছে আমাদের এই গ্রন্থে।

'মনোজ বসুর উপন্যাস বিষয় ও শিল্পরূপ'- শিরোনামে আমার গবেষণাপত্রের জন্য বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় আমাকে পিএইচ.ডি. ডিগ্রীতে সম্মানিত করেছেন। এই গবেষণায় আমার তত্ত্বাবধায়ক ছিলেন আমার শ্রদ্ধেয় অধ্যাপক ডঃ লায়েক আলি খান মহাশয়। উক্ত গবেষণা পত্রকে গ্রন্থবদ্ধ করার সময় কিছু সংক্ষিপ্ত ও সংহত করা হোলো।

এই গ্রন্থ প্রকাশনায় আমাকে সর্বতভাবে সাহচর্য ও সুপরামর্শ দিয়েছেন আমার শ্রদ্ধেয় অধ্যাপক ড. লায়েক আলি খান মহাশয় এবং উনার স্ত্রী মাননীয়া ইরানী খান মহাশয়া। সেই সঙ্গে অনুপ্রেরণা দিয়েছেন ভ্রাতৃপ্রতীম অধ্যাপক ড. সেখ সাব্বির হোসেন, আমার বাবা-মা, বাড়ির গুরুজন, আমার সহধর্মিনী, আমার ছেলে-মেয়ে এবং বন্ধু-বান্ধব সকলে। কৃতজ্ঞচিত্তে তাঁদের সকলকে যথাযথ সম্মান জানাই। যাঁরা আমাকে এই গ্রন্থ প্রকাশনায় পরোক্ষভাবেও সাহায্য করেছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। গ্রন্থটির প্রকাশনায় যাঁরা দায়িত্ব নিয়েছেন, মুদ্রণ বিন্যাসে ও বাঁধাই কর্মে যাঁরা সাহায্য করেছেন তাঁদের সকলকে জানাই কৃতজ্ঞতা ও নমস্কার।



মনোজ বসু : তাঁর উপন্যাস

website.: www.amitrakshar.co.in
Price: ₹ 400.00

ISBN: 978-93-6008-852-1

9 789360 088521

(Hardback)

AMITRAKSHAR PUBLISHERS
AN ISO 9001:2015/QMS/092020/19534

website.: www.amitrakshar.co.in
Email.: amitraksharpublishers@gmail.com
Office: 1/199, Jodhpur Park, Gariahat Road, Kolkata - 700068
Phone :. 9735768900